

জাবি ভিসির দুর্নীতি

প্রকল্প অফিসে তালা দিলেন শিক্ষার্থীরা

জাবি প্রতিনিধি

০২ ডিসেম্বর ২০২৫, ০৯:৩০ এএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত ছয়টি হলে সীমাহীন দুর্নীতির অভিযোগ তুলে প্রকল্প অফিস তালাবদ্ধ করেছেন হল সংসদের নেতৃবৃন্দ ও শিক্ষার্থীরা। প্রকল্পের সব নথি প্রকাশ না করলে তালা খুলবেন না বলে জানান শিক্ষার্থীরা। গতকার সোমবার সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদের (জাকসু) প্রতিনিধি হুসনী মোবারক, জাহিদুল ইসলাম, মোহাম্মদ আলী চিশতী ও হল সংসদের নেতৃত্বে অফিসে তালা দেয় তারা।

শিক্ষার্থীরা বলেন, বিগত সময়ের দুর্নীতির বিষয়গুলো দীর্ঘদিন ধরে দৃশ্যমান। ভূমিকম্পের ফলে নবনির্মিত হলগুলোর বিভিন্ন যায়গায় ফাটল ধরায় শিক্ষার্থীদের নিরাপত্তাবুঁকি বৃদ্ধি পেয়েছে। এ অবস্থায় তারা প্রকল্পের সয়েলটেষ্ট রিপোর্ট, স্ট্রাকচারাল ডিজাইন, অথোরিটি এপ্রোভাল শিট, আর্থিক হিসাব, ডিপিপি, শিডিউল, কনস্ট্রাকশন কম্পানি ডিটেইলস, তদারক টেন্ডারের নথিপত্র প্রকাশের দাবি তোলেন। এ বিষয়ে জাকসুর স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তা বিষয়ক সম্পাদক হসনী মোবারক বলেন, সব নথি প্রকাশ না হলে আসল চিত্র ফুটে উঠবে না। শিক্ষার্থীদের নিরাপত্তাসংশ্লিষ্ট বিষয়ে গোপনীয়তা গ্রহণযোগ্য নয়।

উপাচার্য অধ্যাপক কামরূল আহসান বলেন, আমি তালা দেওয়ার বিষয় জেনেছি। এ বিষয়ে তদন্ত চলছে।